# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ

স্মারক নং ঃ ৭৬৮(১-৭) /২০১৮ এসসি (এডি) তারিখ ঃ ১৯/০৪/২০১৮ খ্রিঃ

কোটেশন

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের মাননীয় বিচারপতি মোহাম্মদ ইমান আলী মহোদয়ের চেম্বারে **বুক সেলফ- ১টি ও বুক স্ট্যান্ড - ১টি** ক্রয়ের নিমিত্ত সরকারী বিধি মোতাবেক আপীল বিভাগের তালিকাভুক্ত প্রকৃত আমদানীকারক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাইতেছে ঃ

বুক সেলফ ও বুক স্ট্যান্ড এর পরিমাণ ও মূল্য নিম্নরুপঃ-

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১। | বুক সেলফ (সাইজ- ১৬´ - ০ X ১´- ০ X ৬´- ০)<br>বার্মাটিক বোর্ড ও সেগুন কাঠ দ্বারা তৈরী | ১ টি |
| ২ । | বুক স্ট্যান্ড (সাইজ- ৩´- ৬ "X ১´- ০ X ১´- ০)<br>সেগুন কাঠ দ্বারা তৈরী | ১ টি |

কোটেশনের শর্তাবলী

১। আগামী ২৬/০৪/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ২ঃ০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের **বিজ্ঞ অতিরিক্ত রেজিস্ট্রার মহোদয় এর কক্ষে** রক্ষিত বাক্সে কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা **২ঃ৩০** ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বাক্স খোলা হইবে।

২। কোটেশনে উক্ত **আসবাবপত্রসমূহ** মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসাঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করত: কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর কোটেশন শব্দটি উল্লেখ করিতে হইবে।

৩। কোটেশনের সহিত মোট মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।

৪। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **আসবাবপত্রসমূহ** সরবরাহের তারিখ হতে ৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষিত থাকিবে।

৫। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেড়া বা ফ্লু-ইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।

৬। কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে,

১৯-০৪-১৮

**(মোহাম্মদ মেহেদী হাসান)**
ডেপুটি রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

প্রচারের জন্য অনুলিপিঃ-

১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। নোটিশ বোর্ড, অ্যার্টনী জেনারেলের অফিস, ঢাকা।
৪। নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
৫। নোটিশ বোর্ড, আইন কমিশন, ঢাকা।
৬। নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।
৭। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।